তারিখ ... 16 JAN 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# ছয় দফা দাবিতে জাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

## উপাচার্যকে স্মারকলিপি

■ জাবি প্রতিনিধি

ক্যাম্পাসে শিল্প উদ্যোক্তা আবদুল কাদির মোল্লা কনভেনশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপনের প্রতিবাদসহ ৬ দফা দাবিতে বিক্ষোভ করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীরা। গতকাল রোববার এ উপলক্ষে প্রতিবাদ মিছিল ও উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছেন তারা।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, ক্যাম্পাসে কনভেনশন সেন্টার নির্মাণের পেছনে বাণিজ্যিক উদ্দেশ্যে নেই। এটি শিক্ষা-গবেষণা সহায়ক একটি অবকাঠামো হিসেবে নির্মাণ করা হচ্ছে। এখানে দেশি-বিদেশি গবেষকদের অবস্থান ও গবেষণার সুবিধা থাকবে। তাই এ সম্পর্কে কোনো প্রকার বিভ্রান্তি না ছড়াতে সবার প্রতি আহ্বান জানানো হয়। গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় দিবসে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম এই কনভেনশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তখনই এর নামের বিরোধিতা করে বিক্ষোভ করেছিল

■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## ছয় দফা দাবিতে

[১৯ পৃষ্ঠার পর]

সাধারণ শিক্ষার্থীরা। থার্মেক্স গ্রুপ ও মজিদ মোল্লা ফাউন্ডেশনের চেয়ারম্যান আবদুল কাদির মোল্লার অর্থে ও তার নামে এই কনভেনশন সেন্টারটি নির্মিত হচ্ছে।

শিক্ষার্থীদের ৬ দফা দাবি হলো– মেয়েদের হল সংলগ্ন এলাকায় অবকাঠামো নির্মাণ করা যাবে না, টারজান পয়েন্টে কনভেনশন সেন্টার নির্মাণ বন্ধ করে বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে আন্তর্জাতিক কনভেনশন সেন্টার করা যেতে পারে, দেশের খ্যাতিমান ব্যক্তিদের নাম ছাড়া অন্য কারও নামে অবকাঠামোর নামকরণ করা যাবে না, বিশ্ববিদ্যালয়ে ছাত্র-সংশ্লিষ্ট যে কোনো সিদ্ধান্ত গ্রহণে শিক্ষার্থীদের মতামত প্রধান্য দিতে হবে, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোকে বাণিজ্যিক প্রয়োজনে ব্যবহার করা যাবে না এবং মেয়েদের নিরাপত্তার জন্য বহিরাগত প্রবেশ ও ক্যাম্পাসে গাড়ি চলাচলে নিষেধাজ্ঞা জারি করতে হবে।